



দুর্নীতি দমন কমিশন

ঢাকা, বাংলাদেশ

“সবাই মিলে গড়ব দেশ,
দুর্নীতি মুক্ত বাংলাদেশ”

স্মারক নং- দুদক/প্রতিরোধ/রচনা/৩৬/১৭/২৬৪৪৭(৬৫৬)

তারিখ: ২৮/০৮/২০১৭ খ্রি.

বিষয়: “দুর্নীতি প্রতিরোধ বিষয়ক রচনা প্রতিযোগিতা- ২০১৭” আয়োজনের লক্ষ্যে জেলা পর্যায়ে প্রতিযোগিতা আয়োজন ও প্রতিযোগী নির্বাচন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস ও দুর্নীতি প্রতিরোধ সপ্তাহ উদযাপন উপলক্ষে গণসচেতনতা সৃষ্টি ও দুর্নীতি প্রতিরোধে আগামী প্রজন্মকে সম্পৃক্ত করতে এবং তাদের মাঝে আদর্শ, নৈতিকতা ও মূল্যবোধ সৃষ্টির লক্ষ্যে দুর্নীতি দমন কমিশন দেশব্যাপী “দুর্নীতি প্রতিরোধ বিষয়ক রচনা প্রতিযোগিতা- ২০১৭” আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত প্রতিযোগিতা সুষ্ঠু ও সফলভাবে সম্পন্ন করার নিমিত্ত আপনার আওতাধীন জেলার সকল মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও স্নাতক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে এবং জেলায় অবস্থিত শিল্পকলা একাডেমী ও চারুকলা ইনস্টিটিউটসমূহে প্রতিযোগিতায় অংশগ্রহণের প্রচারপত্র প্রেরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অতীব জরুরী।

০২। উল্লেখ্য, আগামী ২১ সেপ্টেম্বর ২০১৭ তারিখের মধ্যে প্রতিযোগিতার নির্ধারিত নিয়মাবলী (সংযুক্ত) সকল শিক্ষা প্রতিষ্ঠানে/কার্যালয়ে প্রেরণ করা প্রয়োজন। প্রতিযোগিতার নীতিমালা অনুযায়ী আপনার অধীনস্থ জেলার প্রতিযোগীদের মধ্য হতে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীর রচনা কেন্দ্রীয় পর্যায়ে প্রতিযোগিতার জন্য নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল। কমিশনের সংশ্লিষ্ট সমন্বিত জেলা কার্যালয়ের উপপরিচালক আপনার সাথে এতদবিষয়ে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করবেন।

০৩। এ বিষয়ে আপনার সহযোগিতা কমিশনের একান্ত কাম্য।

সংযুক্ত: নিয়মাবলী- ০১ (এক) প্রছ।

জেলা প্রশাসক

.....

(মোহাম্মাদ মুনীর চৌধুরী)

মহাপরিচালক (প্রতিরোধ)

ফোন: ৯৩৫৮৯৫১

Email : dg.prevention@acc.or.bd

অনুলিপি:

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/খুলনা।
২. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৩. সিস্টেম এনালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয় (সকল), (উল্লিখিত বিষয়ে জেলা প্রশাসকগণকে সর্বাত্রিক সহযোগিতা করার অনুরোধসহ)।
৫. চেয়ারম্যান- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৬. কমিশনার অনুসন্ধান/তদন্ত -এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় কমিশনার অনুসন্ধান/তদন্ত মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৭. সচিব- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় সচিব মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৮. জেলা শিক্ষা অফিসার (মাধ্যমিক) (সকল) (উল্লিখিত বিষয়ে জেলা প্রশাসকগণকে সর্বাত্রিক সহযোগিতা করার অনুরোধসহ)।
৯. সভাপতি/সম্পাদক, মহানগর/জেলা/উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি (সকল) (উল্লিখিত বিষয়ে উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়কে সর্বাত্রিক সহযোগিতা করার অনুরোধসহ)।